

সৃষ্টিসুখ-এর বুলেটিন


২৬শে জানুয়ারি

আগামীকাল (২৭শে জানুয়ারি) সৃষ্টিসুখ-এর যে ৪টে বই কৌরব-এর স্টলে (স্টল নং ৪৪৯) পাওয়া যাবে।




ঘুম নামের পাহাড়ঃ আষিক - খুব সম্ভবতঃ গত ২ মাসে সবথেকে বেশি বিক্রি হওয়া বাঙলা কবিতার বই। প্রকাশের পর থেকেই রীতিমত আলোড়ন ফেলেছে আষিক-এর বইটা। কলকাতা-ব্যাঙ্গালোর থেকে শুরু করে আমেরিকা-আমাজন কোথায় না বিক্রি হয়েছে ঘুম নামের পাহাড়। আষিক-এর জাদুকলম বইমেলাতেও জাদু দেখাবে নিশ্চিত।

দামঃ ১৪৯ টাকা। প্রচ্ছদের ফোটোগ্রাফঃ মহাশ্বেতা।




আমার মহড়াগুলোঃ সুবীর বোস - এই মূহুর্তে একটা পরিচিত এবং happening নাম। সুবীরদার বইমেলাতে কোথায় পাওয়া যাবে, কবে থেকে পাওয়া যাবে ইত্যাদি প্রশ্নে প্রায়ই মেল পাচ্ছি। কেউ কেউ জানিয়েছেন এই বইমেলায় তাঁদের বই কেনার লিস্টিতে একবারে প্রথমে আছে 'আমার মহড়াগুলো'... পাঠক, বই কেনা-না-কেনা আপনার ওপর। কিন্তু এ বই হাতে নিয়ে নেড়েচেড়ে না দেখলে আপনার ডাহা লোকসান।

দামঃ ১২৯ টাকা। প্রচ্ছদঃ রোহণ কুদ্দুস।



আজ কারও জন্মদিন নয়ঃ অরিত্র সান্যাল - অরিত্র'র বইপ্রকাশ করাটা একটা ঈর্ষনীয় অভিজ্ঞতা। মলাট করা থেকে শুরু করে বইয়ের প্রুফ দেখা, তার সাথেই বই বিষয়ে অরিত্র'র সাথে আলোচনা... পুরোটাই উপভোগ করেছি। আমার অন্যতম প্রিয় কবি অরিত্র, তাই আমি তার বই প্রকাশ করেছি। আমি নিশ্চিত আরও অনেক পাঠক 'আজ কারও জন্মদিন নয়' বুকে নিয়ে ঘুমের মধ্যে পাশ ফিরবেন।

দামঃ ১৪৯ টাকা। প্রচ্ছদঃ রোহণ কুদ্দুস।



খেলার নাম সবুজায়নঃ আর্যনীল মুখোপাধ্যায় - এটা পুনঃপ্রকাশ। সৃষ্টিসুখ কথা দিয়েছে নতুন কবির বইপ্রকাশের সাথে সাথেই তুলে আনবে পুরোনো আউট অফ প্রিন্ট বইপত্র। আর্যনীল মুখোপাধ্যায়ের প্রথম কবিতা সংকলন 'খেলার নাম সবুজায়ন' তাই সৃষ্টিসুখ থেকে প্রকাশিত হল আবার।

দামঃ ১৩৯ টাকা। প্রচ্ছদঃ রোহণ কুদ্দুস।

বাকি আধডজন বই আসছে একে একে। কোনওটা প্রেসের দরজা দিয়ে বের হয়ে এসে আড়মোড়া ভাঙছে, কোনওটা প্রেস থেকে পাড়ি দিয়ে ঝুলে আছে মাঝপথে। তব তক কে লিয়ে জনগণ এই পোস্টটা শেয়ার করুন, আরও পাঠক জানুন, কিনুন, পড়ুন। বেঁচে থাক সৃষ্টিসুখ।